উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভা
স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, মিঠাপুকুর, রংপুর
তারিখ ঃ ০৮.০৫.২০২৫ খ্রিঃ সময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়।

উপস্থিতি ঃ

| | |
|---|---|
| ০১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, মিঠাপুকুর,রংপুর | স্বাক্ষরিত |
| ০২। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মিঠাপুকুর,রংপুর | স্বাক্ষরিত |
| ০৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মিঠাপুকুর,রংপুর | স্বাক্ষরিত |
| ০৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মিঠাপুকুর,রংপুর | স্বাক্ষরিত |
| ০৫। উপজেলা কৃষি অফিসার, মিঠাপুকুর,রংপুর | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয় ঃ
০১। ২০২৪-২৫ অর্থ বছরের খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদ ও উৎপাদন বৃদ্ধির নিমিত্ত ক্ষুদ্র ও প্রান্তিক(প্রয়োজনে মাঝারী) কৃষকদের মাঝে বীজ, রাসায়নিক সার ও বালাইনাশক সহায়তা প্রদানের লক্ষ্যে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ প্রণোদনা কর্মসূচী বাস্তবায়নের জন্য জন্য ইউনিয়ন ভিত্তিক কৃষক সংখ্যা নির্ধারন ও অগ্রাধিকার তালিকা প্রনয়ন আলোচনা।

০২। ক্রয় কমিটি গঠন বিষয়ে আলোচনা।
০৩। কারিগরি কমিটি গঠন বিষয়ে আলোচনা।
০৪। বিবিধ।

সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি ও উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর মহোদয়ের সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্য বিষয়বস্তু উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার জনাব মুহাম্মদ সাইফুল আবেদীন মহোদয়কে অনুরোধ জানান।

উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব মহোদয় সভাকে জানান যে, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, রংপুর মহোদয়ের স্মারক নং- ১২.১৭.৮৫০০.০৪১.৩৮.২২৯.২৫.১০৫৭(৩৪) তারিখঃ ০৫/০৫/২০২৫ খ্রিঃ মোতাবেক মিঠাপুকুর উপজেলায় কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ২০২৪-২৫ অর্থবছরে খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৪৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে বিনা মূল্যে বীজ, রাসায়নিক সার ও বালাইনাশক সহায়তার জন্য জনপ্রতি ০১ বিঘা জমিতে পেঁয়াজ বীজ ০১ কেজি, ডিএপি সার ২০ কেজি, এমওপি সার ২০ কেজি হারে উপকরণ সহায়তা এবং ০১ কেজি বালাইনাশক বাবদ ৩৫৫/- টাকা প্রদানের নিমিত্তে বরাদ্দ পাওয়া গিয়েছে।

| ক্রমিক নং | ফসলের নাম | বরাদ্দকৃত জমি (বিঘা) | বরাদ্দকৃত কৃষক সংখ্যা (জন) | বিঘা প্রতি/জন প্রতি সহায়তা (কেজি) | | | | মোট (কেজি) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | বীজ | ডিএপি | এমওপি | বালাইনাশক | |
| ০১ | গ্রীষ্মকালীন পেঁয়াজ | ৪৫০ | ৪৫০ | ০১ | ২০ | ২০ | ০১ কেজি সমপরিমাণ টাকা (৩৫৫/-) | ৪১ |

উক্ত কৃষি প্রণোদনা কর্মসূচী বাস্তবায়নের জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের নামের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা প্রয়োজন। তিনি আরও জানান যে, কৃষি মন্ত্রণালয়, উপকরণ-২ শাখার স্মারক নং- ১২.০০.০০০০.০২৬..৩৮.০০১.২২.১২৯ তারিখ: ২১/০৪/২০২৫ খ্রি. পত্রের নির্দেশনা ও শর্তাবলী মোতাবেক কৃষি প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট উপসহকারী কৃষি অফিসারগণ ক্ষুদ্র ও প্রান্তিক (প্রয়োজনে মাঝারী) কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন । জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রনে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে ) অনুমোদন, উপকরণ সংগ্রহ ও বিতরণ প্রভৃতি কার্যক্রম করবেন ।

প্রতি কেজি গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ বাবদ ২,২০০.০০ টাকা, ডিএপি ১৯.০০ টাকা, এমওপি ১৮.০০ টাকা এবং ০১ কেজি বালাইনাশক বাবদ ৩৫৫.০০ টাকা, পরিবহন ব্যয় বাবদ ১.৫০ টাকা ও আনুষঙ্গিক ব্যয় বাবদ ১.০০ টাকা এবং বিঘা প্রতি আর্থিক সহায়তা বাবদ ৩,৪০০.০০ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে।

আলোচনা ঃ

১। বর্নিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা পূর্বক গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদ ও উৎপাদন বৃদ্ধির নিমিত্ত প্রণোদনা কর্মসূচী বাস্তবায়নের জন্য নিম্নবর্নিত ইউনিয়নের পাশে বর্নিত বিভাজন মোতাবেক উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ইউনিয়নের গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষের উপযোগী জমি ও উপযুক্ত আগ্রহী কমপক্ষে ১০(দশ) জন কৃষক নির্বাচন করা, যাদের পাশাপাশি আবাদি জমি থাকবে এবং যারা দলবদ্ধভাবে কাজ করবে সেই সমস্ত কৃষকদের নামের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে আগামী ২৭/০৫/২০২৫ খ্রি: তারিখের মধ্যে উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটির নিকট দাখিল করার সিদ্ধান্ত হয়।

ইউনিয়ন ভিত্তিক বিভাজন নিম্নরুপঃ

| ইউনিয়ন | গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদী কৃষকের সংখ্যা (জন/১বিঘা) | মন্তব্য |
|---|---|---|
| ১নং খোড়াগাছ | ২০ | |
| ২ নং রানীপুকুর | ৪০ | |
| ৩ নং পায়রাবন্দ | ৪০ | |
| ৪ নং ভাংনী | ৩০ | |
| ৫ নং বালারহাট | ৩০ | |
| ৬ নং কাফ্রিখাল | ৪০ | |
| ৭ নং লতিবপুর | ৩০ | |
| ৮ নং চেংমারী | ২০ | |
| ৯ নং ময়েনপুর | ২০ | |
| ১০ নং বা/মাসিমপুর | ২০ | |
| ১১ নং বড়বালা | ২০ | |
| ১২ নং মিলনপুর | ২০ | |
| ১৩ নং গোপালপুর | ২০ | |
| ১৪ নং দুর্গাপুর | ৪০ | |
| ১৫ নং বড়হযরতপুর | ২০ | |
| ১৬ নং মির্জাপুর | ২০ | |
| ১৭ নং ইমাদপুর | ২০ | |
| মোট | ৪৫০ | |

সিদ্ধান্ত ঃ ক) ঃ বর্নিত ইউনিয়ন ভিত্তিক কৃষক বিভাজন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি বিভাজন অনুযায়ী দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহন করবেন।

খ) উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর ও সভাপতি, উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি উক্ত কর্মসূচী বাস্তবায়ন কল্পে তাঁর অনুকুলে উপজেলার জন্য কৃষি প্রণোদনা কর্মসূচীর বরাদ্দকৃত অর্থের চেক উপজেলা কৃষি অফিসার, মিঠাপুকুর, রংপুর ও সদস্য সচিব, উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি এর অনুকলে বরাদ্দ প্রদানের ব্যবস্থা নিবেন।

গ)। পরিবহন খাতের বরাদ্দ দিয়ে উপজেলার বরাদ্দ অনুযায়ী সংশ্লিষ্ঠ উপজেলার উপজেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার বীজ, সার বিএডিসি হতে পরিবহন বাবদ ব্যয় করে কর্মসূচী বাস্তবায়ন করবেন এবং উপপরিচালক (বীজ বিপনন), বিএডিসি/স্থানীয় কৃষক বীজ উদ্যোক্তা/যেকোন প্রতিষ্ঠিত বীজ ব্যবসায়ী হতে বীজ সংগ্রহ করে মূল্য পরিশোধ ও সারের মূল্য যুগ্ম পরিচালক(সার), বিএডিসি, রংপুরকে পরিশোধ করবেন।

আলোচনা ২ঃ উপজেলা কৃষি অফিসার অগ্রাধিকার তালিকা প্রনয়ন, উপকরণাদি বিতরণ এর উপর নীতিমালায় বর্নিত বিষয়াদি সভায় তুলে ধরেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহীত হয়।

সিদ্ধান্ত ঃ ক ) সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে এ কর্মসূচীর জন্য মনোনীত প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবি মাষ্টাররোলে সংযুক্তপূর্বক উপকরণের পরিমাণ এবং মোবাইল নম্বর লিপিবদ্ধ করে বিতরণ নিশ্চিত করতে হবে।

উল্লেখ থাকে যে, ১ কেজি বালাইনাশক বাবদ ৩৫৫.০০ টাকা উপজেলা কৃষি অফিসার কৃষকদের মাঝে মাস্টাররোলের মাধ্যমে বিতরণ করবেন।

খ) অনুমোদিত কৃষক তালিকাভুক্ত প্রতি ৫ (পাঁচ) জনের এক একেকটি গ্রুপ করে উপকরণ বিতরণ করা হবে। অনুমোদিত তালিকাভুক্ত ০৫ জনের একটি গ্রুপে ৫০ কেজি ওজনের ০২ বস্তা ডিএপি ও ৫০ কেজি ওজনের ০২ বস্তা এমওপি সার বিতরণ করতে হবে যা কৃষকগণ নিজেদের মধ্যে ভাগ করে নিবেন। একজন কৃষক ১ বিঘা জমির জন্য উল্লেখিত ফসলে পার্শ্বে বর্নিত হারে উপকরণ সহায়তা পাবেন।

উপকরণ বিতরণের পরিমাণ (জন প্রতি/এক বিঘা জমির জন্য)

| ক্রমিক নং | ফসলের নাম | বিঘা প্রতি/জন প্রতি সহায়তা পাবেন (কেজি) | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | বীজ | ডিএপি | এমওপি | ০১ কেজিবালাইনাশক বাবদ | |
| ০১ | গ্রীষ্মকালীন পেঁয়াজ | ০১ | ২০ | ২০ | ৩৫৫/- | |

গ) কর্মসূচীর সকল উপকরণ বিতরণ উপজেলা সদর থেকে বিতরণ করা হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহন করবেন। কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না। একজনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না।

ঘ) খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ প্রনোদনা বাস্তবায়ন নীতিমালা/পদ্ধতি অনুসরন পূর্বক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। প্রত্যেক কৃষকের " কৃষি উপকরন সহায়তা কার্ডের " ভর্তুকী অংশে যথাযথভাবে উপকরনের পরিমান লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষন পুর্বক বিতরন করতে হবে। কৃষি উপকরন কার্ড না থাকলে মাষ্টাররোলে অবশ্যই উপকরন গ্রহনকারী কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে। উপ সহকারী কৃষি অফিসার মাষ্টাররোলে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি পূনর্বসিন বাস্তবায়ন কমিটি মাষ্টাররোলে প্রতি স্বাক্ষর করবেন।

০২। বর্নিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনান্তে খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ প্রনোদনা বাস্তবায়নের লক্ষ্যে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ ক্রয়ের জন্য নিম্নে বর্নিত ০৪ জন সদস্যের সমন্বয়ে দরপত্র খোলা ও মূল্যায়ন কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | কর্মকর্তার নাম ও পদবী | দরপত্র খোলা ও মূল্যায়ন কমিটির সদস্য |
|---|---|---|
| ০১ | জনাব মুহাম্মদ সাইফুল আবেদীন, উপজেলা কৃষি অফিসার, মিঠাপুকুর, রংপুর | আহবায়ক |
| ০২ | জনাব মোঃ হাকিবুর রহমান, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মিঠাপুকুর, রংপুর | সদস্য |
| ০৩ | জনাব মোঃ বাদশা আলমগীর, উপজেলা প্রকৌশলী অফিসার, মিঠাপুকুর, রংপুর | সদস্য |
| ০৪ | জনাব মোঃ সালাউদ্দিন, অতিরিক্ত কৃষি অফিসার, মিঠাপুকুর, রংপুর | সদস্যসচিব |

কার্য পরিধিঃ খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির প্রণোদনা কার্যক্রম এর উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মিঠাপুকুর, রংপুর এর আহবানকৃত দরপত্রের মাধ্যমে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ ক্রয়ের প্রাপ্ত দরপত্র সমূহের মূল্যায়ন পূর্বক সুপারিশ প্রদান করে উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসারের, নিকট প্রেরণ করবেন।

০৩। বর্নিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনান্তে খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ প্রনোদনা বাস্তবায়নের লক্ষ্যে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজের নমুনা সংগ্রহ ও বীজের অংকুরোদগম/বীজের মান পরীক্ষার জন্য নিম্নে বর্নিত ০৪ জন সদস্যের সমন্বয়ে কারিগরি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | কর্মকর্তার নাম ও পদবী | কারিগরি কমিটির সদস্য |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ সালাউদ্দিন, অতিরিক্ত কৃষি অফিসার, মিঠাপুকুর, রংপুর | আহবায়ক |
| ০২ | জনাব মোছাঃ শামীমা আক্তার, বীজ প্রত্যয়ন অফিসার, জেলা বীজ প্রত্যয়ন অফিস, রংপুর | সদস্য |
| ০৩ | জনাব মোঃ মমিনুল হক, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মিঠাপুকুর, রংপুর | সদস্য |
| ০৪ | জনাব মোঃ রাশেদুল হক, কৃষি সম্প্রসারণ অফিসার, মিঠাপুকুর, রংপুর | সদস্যসচিব |

কার্য পরিধিঃ খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি প্রণোদনা কার্যক্রম এর উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মিঠাপুকুর, রংপুর এর দরপত্র খোলা ও মূল্যায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সরবরাহকারী প্রতিষ্ঠানের সরবরাহকৃত গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজের অংকুরোদগম পরীক্ষার যাবতীয় কার্যক্রম ও ফলাফল মূল্যায়ন পূর্বক সুপারিশ প্রদান করে উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসারের, নিকট প্রেরণ করবেন।

সভাপতি মহোদয় যাবতীয় কর্মকান্ড নীতিমালা অনুসারে সম্পন্ন করার বিষয়ে সক্রিয় পদক্ষেপ গ্রহনের জন্য কমিটির সকল সদস্যগণকে ও সদস্য সচিবকে অনুরোধ জানান।

বিবিধ বিষয়ে অন্য কোন আলোচন না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

উপজেলা নির্বাহী অফিসার
মিঠাপুকুর, রংপুর।
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি

স্মারক নং- ৫৭৪ তারিখ ঃ ০৮.০৫.২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পূর্নবাসন বাস্তবায়ন কমিটি, রংপুর।
২। উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, কৃষি পূর্নবাসন বাস্তবায়ন কমিটি, রংপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, মিঠাপুকুর, রংপুর।
৪। উপজেলা প্রাণী সম্পদ অফিসার ও সদস্য, কৃষি পূর্নবাসন বাস্তবায়ন কমিটি, মিঠাপুকুর, রংপুর।
৫। অতিরিক্ত কৃষি অফিসার ও আহবায়ক, দরপত্র খোলা ও মূল্যায়ন কমিটি এবং কারিগরি কমিটি, মিঠাপুকুর, রংপুর।
৬। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার ও সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং দরপত্র খোলা ও মূল্যায়ন কমিটি, মিঠাপুকুর, রংপুর।
৭। উপজেলা প্রকৌশলী অফিসার ও সদস্য, দরপত্র খোলা ও মূল্যায়ন কমিটি, মিঠাপুকুর, রংপুর।
৮। কৃষি সম্প্রসারণ অফিসার ও সদস্যসচিব, দরপত্র খোলা ও মূল্যায়ন কমিটি এবং কারিগরি কমিটি, মিঠাপুকুর, রংপুর।
৯। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং কারিগরি কমিটি, মিঠাপুকুর, রংপুর।
১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার ও সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং কারিগরি কমিটি, মিঠাপুকুর, রংপুর।

উপজেলা কৃষি অফিসার
মিঠাপুকুর, রংপুর।
ও
সদস্য-সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
মিঠাপুকুর, রংপুর।

অনুলিপি কার্যার্থে ঃ

১। উপসহকারী কৃষি অফিসার (সকল)........................................................................ ইউনিয়ন,মিঠাপুকুর,রংপুর। পত্রের মর্মানুযায়ী কৃষকের অগ্রাধিকার তালিকা রোডম্যাপ অনুযায়ী দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
২। অফিস নথি।

উপজেলা কৃষি অফিসার
মিঠাপুকুর, রংপুর।
ও
সদস্য-সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
মিঠাপুকুর, রংপুর।